

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ৩০, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ এপ্রিল ২০১৪/১১ বৈশাখ ১৪২১

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৭৭—সরকারের শূন্য পদ পূরণ, আবশ্যিকীয় নূতন পদ সৃজন ও এই সকল পদে নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিত করিবার বিষয়ে সুপারিশ প্রণয়ন এবং এইগুলি বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সরকার নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির গঠনঃ

- |     |   |   |          |
|-----|---|---|----------|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব                           | - | আহ্বায়ক |
| (২) | সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়      | - | সদস্য    |
| (৩) | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়         | - | সদস্য    |
| (৪) | সচিব, অর্থ বিভাগ                            | - | সদস্য    |
| (৫) | সচিব, শিক্ষা মন্ত্রণালয়                    | - | সদস্য    |
| (৬) | সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ        | - | সদস্য    |
| (৭) | সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | - | সদস্য    |

(১৩২৫৯)

মূল্য ৪ টাকা ৪.০০

## (খ) কমিটির কার্যপরিধিঃ

- (১) প্রচলিত আইন, নীতি ও বিধি-বিধানসমূহ পর্যালোচনা করিয়া শূন্য পদে নিয়োগ, নূতন পদ সৃজন ও নিয়োগ প্রক্রিয়া ত্বরান্বিত করার ক্ষেত্রে বিদ্যমান জটিলতা নিরসনে করণীয় নির্ধারণের জন্য প্রয়োজনীয় সুপারিশ প্রদান;
- (২) প্রয়োজনবোধে বিদ্যমান আইন/বিধি/নীতিমালা সংশোধন ও নূতন আইন/বিধি/নীতিমালা প্রণয়নের ব্যবস্থা গ্রহণ।

২। কমিটি প্রয়োজনে নূতন সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নূরুল করিম

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

সচিব	রাষ্ট্রপতির আদেশক্রমে	(১)
সচিব	মোঃ নূরুল করিম	(২)
সচিব	অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)	(৩)
সচিব	অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)	(৪)
সচিব	অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)	(৫)
সচিব	অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)	(৬)
সচিব	অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)	(৭)
সচিব	অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)	(৮)
সচিব	অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)	(৯)
সচিব	অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)	(১০)

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd



বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা  
প্রজ্ঞাপন

ঢাকা, ০২ নভেম্বর ২০১৪/১৮ কার্তিক ১৪২১

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-১৭৩—সরকারের শূন্য পদ পূরণ, আবশ্যিকীয় নূতন পদ সৃজন ও এই সকল পদে নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিত করিবার বিষয়ে সুপারিশ প্রণয়ন এবং এইগুলি বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৪ এপ্রিল ২০১৪/১১ বৈশাখ ১৪২১ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৭৭ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত কমিটির কার্যপরিধিতে সরকার নিম্নে বর্ণিত বিষয়টিও অন্তর্ভুক্ত করিয়াছে :

শিক্ষা, চিকিৎসা ইত্যাদি বিশেষায়িত খাতে কর্মকর্তা নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিত করিবার লক্ষ্যে খাতভিত্তিক কর্ম কমিশন গঠন অথবা বাংলাদেশ সরকারি কর্ম কমিশনে ক্ষেত্রভিত্তিক কর্মপরিসর সৃষ্টির উপযোগিতা পর্যালোচনা করিয়া দ্রুত কার্যক্রম গ্রহণ।

- ২। কমিটির গঠন ও অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।
- ৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তাফিজুর রহমান  
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রাগাল, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৯৩৯৭)

মূল্য : টাকা ৪.০০